

■■ আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৫০১

রোগীর সাথে দেখা-সাক্ষাৎ

পরিচ্ছেদঃ ২২৭- গভীর রাতে রোগীকে দেখতে যাওয়া।

আরবী

حَدَّثَنَا الْمَكِيُّ ، قَالَ : حَدَّثَنَا الْجُعَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ ، عَنْ عَائِشَةَ بِنْتِ سَعْدِ ، أَنَّ أَبَاهَا ، قَالَ : " اشْتَكَيْتُ بِمَكَّةَ شَكْوَى شَدِيدَةً ، فَجَاءَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعُودُنِي ، فَقُلْتُ : يَا رَسُولَ اللَّهِ ، إِنِّي أَتْرُكُ مَالا ، وَإِنِّي لَمْ أَتْرُكُ إِلا ابْنَةً وَاحِدَةً ، أَقَأُوصِي بِثُلُثَيْ فَقُلْتُ : يَا رَسُولَ اللَّهِ ، إِنِّي أَتْرُكُ مَالا ، وَإِنِّي لَمْ أَتْرُكُ إِلا ابْنَةً وَاحِدَةً ، أَقَأُوصِي بِثُلُثَيْ مَالِي ، وَأَتْرُكُ لَهَا النِّصْفَ ؟ ، قَالَ : مَالِي ، وَأَتْرُكُ لَهَا النِّصْفَ ؟ ، قَالَ : لا ، قَالَ : لا ، قَالَ : التَّلُثُ ، وَالتُّلُثُ كَثِيرٌ ، ثُمَّ لا ، قَالَ : التَّلُثُ ، وَالتُّلُثُ كَثِيرٌ ، ثُمَّ لا ، قَالَ : التَّلُثُ مَسَحَ وَجْهِي وَبَطْنِي ، ثُمَّ قَالَ : اللَّهُمُّ اشْفِ سَعْدًا ، وَأَتِمُ لَهُ وَضَعَ يَدَهُ عَلَى جَبْهَتِي ، ثُمَّ مَسَحَ وَجْهِي وَبَطْنِي ، ثُمَّ قَالَ : اللَّهُمُّ اشْفِ سَعْدًا ، وَأَتِمُ لَهُ وَضَعَ يَدَهُ عَلَى جَبْهَتِي ، ثُمَّ مَسَحَ وَجْهِي وَبَطْنِي ، ثُمَّ قَالَ : اللَّهُمُّ اشْف سَعْدًا ، وَأَتِمُ لَهُ هِجْرَتَهُ ، فَمَا زِلْتُ أَجِدُ بَرْدَ يَدِهِ عَلَى كَبِدِي فِيمَا يَخَالُ إِلَيَّ حَتَى السَّاعَةِ " .

বাংলা

৫০১। সাদ (রাঃ)-এর কন্যা আয়েশা (রাঃ) বলেন, তার পিতা বলেছেন, আমি মক্কায় রোগগ্রস্ত হলাম। নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম আমাকে দেখতে এলেন। আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমি অনেক সম্পত্তি এবং একটি মাত্র কন্যা সন্তান রেখে যাচ্ছি। আমি কি আমার সম্পত্তির দুই-তৃতীয়াংশ ওসিয়াত করে এক-তৃতীয়াংশ রেখে যেতে পারি? তিনি বলেনঃ না। তিনি (পিতা) বলেন, তাহলে আমি কি অর্ধেক সম্পত্তি ওসিয়াত করে বাকী অর্ধেক তার জন্য রেখে যেতে পারি? তিনি বলেনঃ না। আমি বললাম, তবে কি আমি এক-তৃতীয়াংশ ওসিয়াত করে দুই-তৃতীয়াংশ তার জন্য রেখে যেতে পারি? তিনি বলেনঃ এক-তৃতীয়াংশ। তবে এক-তৃতীয়াংশও অনেক। অতঃপর তিনি তাঁর হাত আমার কপালে রাখলেন, অতঃপর আমার মুখমণ্ডলে ও পেটে হাত বুলালেন। অতঃপর বলেনঃ "হে আল্লাহ! সাদকে রোগমুক্ত করো এবং তার হিজরতকে পূর্ণ করো"। সাদ (রাঃ) বলেন, তিনি আমার এখান থেকে বিদায়ের পর হতে এই মুহূর্ত পর্যন্ত আমি তাঁর হাতের শীতলতা আমার হদপিণ্ডে অনুভব করছি (বুখারী, মুসলিম, আবু দাউদ, তিরমিয়ী, নাসাঈ, ইবনে মাজাহ)

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ প্নঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন



 ${\color{red} {\it O}} {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=45885}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন